

২০০৩ সালকে 'সুশিক্ষা বর্ষ' ঘোষণা

আসুন শিক্ষার ন্যূনতম মান অর্জন করি : প্রধানমন্ত্রী

সংবাদ ডেস্ক : প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া ২০০৩ সালকে 'সুশিক্ষা বর্ষ' হিসেবে ঘোষণা করে বছরব্যাপী দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে প্রচারাভিযান চালিয়ে শিক্ষার ন্যূনতম মান অর্জনের আহ্বান জানিয়েছেন।

বৃহস্পতিবার জাতীয় শিক্ষা সন্মিলন-২০০৩ উপলক্ষে শিক্ষার : পৃ: ১১ ক: ৩



প্রধানমন্ত্রী বেগম খালেদা জিয়া বৃহস্পতিবার ঢাকায় জাতীয় শিক্ষা সন্মিলন-২০০৩ উপলক্ষে অয়োজিত অনুষ্ঠানে বিদ্যালয়গুলোর মধ্যে পুস্তক ও পাঠ্যপুস্তক বিতরণ করেন - পিসিআইডি

শিক্ষার : ন্যূনতম মান

(১২ পৃষ্ঠার পর)

বাংলাদেশ-জীন মন্ত্রী সম্মেলন কেন্দ্রে আয়োজিত এক অনুষ্ঠানে তিনি এ আহ্বান জানান। বাসস, ইউএনবি।

প্রধানমন্ত্রী বলেন, দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠান শিক্ষার ন্যূনতম মান নিশ্চিত করবে-এখন এটা শুধু আমার আশা নয়, এটা এখন দায়ি। যদিও কিছু সরকারি ও বেসরকারি প্রতিষ্ঠানে উচ্চমানের শিক্ষাদান সত্ত্বেও কিছু এক বছরের মধ্যে শিক্ষার ন্যূনতম মান অর্জন সত্ত্বেও। তিনি বলেন, জাতীয় মূল্যবোধ ও ডাবদারার ওপর গুরুত্ব আরোপ করে শিক্ষা ব্যবস্থার আধুনিকায়নে জাতীয় শিক্ষানীতি প্রণয়নের জন্য একটি জাতীয় শিক্ষা কমিশন গঠনের সিদ্ধান্ত নেয়া হয়েছে।

শিক্ষা সন্মিলন-২০০৩ উপলক্ষে পুরাতর বিতরণী অনুষ্ঠানে প্রধানমন্ত্রী খালেদা জিয়া বলেন, শিক্ষা প্রসারের সুযোগ-সুবিধা বাড়াতে তার সরকার অর্নৈক কর্মসূচি হাতে নিয়েছে। বর্তমান সরকার দেশের বিভিন্ন শিক্ষা প্রতিষ্ঠানে ২৫ হাজার কম্পিউটার বিতরণের যে কর্মসূচি হাতে নিয়েছে, তার অংশ হিসেবে বৃহস্পতিবার একজন ফুলপ্রধান ও একজন মন্ত্রাসা প্রধানের হাতে প্রধানমন্ত্রী দুটি কম্পিউটার তুলে দেন। এ কর্মসূচি তার সরকারের অগ্রাধিকারমূলক কর্মসূচিগুলোর মধ্যে একটি।

এছাড়া একই অনুষ্ঠানে প্রধানমন্ত্রী প্রাথমিক ও মাধ্যমিক স্তরে এবং মন্ত্রাসার তরফে শিক্ষার্থীদের হাতে বই তুলে দেয়ার মাধ্যমে এ বছরের পাঠ্যবই বিতরণের আনুষ্ঠানিক উদ্বোধন করেন। এবারই প্রথম ইবতেদায়ি মন্ত্রাসার শিক্ষার্থীদের মধ্যে সরকারের পক্ষ থেকে বিনামূল্যে বই বিতরণ করা হচ্ছে। প্রধানমন্ত্রী হামদ, কেদারত, রচনা লেখা, আবৃত্তিসহ বিভিন্ন বিষয়ে জাতীয় পর্যায়ে প্রতিযোগিতায় প্রথম স্থান অধিকারী ফুল, কলেজ, মন্ত্রাসা ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থীদের মধ্যে পুস্তক বিতরণ করেন। শিক্ষামন্ত্রী ড. ওসমান ফারুক, শিক্ষা প্রতিমন্ত্রী এছানুল হক মিলন ও শিক্ষা উপমন্ত্রী আবদুল সালাম শিকু অনুষ্ঠানে বক্তব্য রাখেন।